# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 12-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

-------------------------------------

১) উত্তর-পূর্বাঞ্চলকে দেশের উন্নয়নের প্রবেশদ্বার হিসেবে অভিহিত করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশেষ কার্যব্যবস্থা গ্রহণ করেছেন বলে কেন্দ্রীয় যোগাযোগ তথা উত্তর-পূর্ব উন্নয়ন দপ্তরের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার গৌহাটিতে প্রকাশ ।

২) রাজ্য সরকারের জলদূত কার্যসূচি কার্যকর করার উদ্দেশ্যে স্বীকৃতিপ্রাপ্ত সব বিদ্যালয়গুলিকে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদের নির্দেশনা । সি-বি-এস-ইর এই পদক্ষেপের জন্য জলজীবন মিশন, আসামকে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রশংসা ।

৩) রাজ্যের যোগাযোগ পরিকাঠামো উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অধীনে ৩৭৮ দশমিক ৬-৮ কোটি টাকার অনুমোদন ।

এবং

৪) বন্যা বিধ্বস্ত হাইলাকান্দি ও করিমগঞ্জ জেলা পরিদর্শন করে আগামী ১৫ আগষ্টের মধ্যে ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মন্ত্রী জয়ন্তমল্ল বরুয়ার নির্দেশ ।

---------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর-পূর্বাঞ্চলকে দেশের উন্নয়নের প্রবেশদ্বার হিসেবে অভিহিত করেছেন এবং কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রীর এই দৃষ্টিভঙ্গীকে বাস্তবায়িত করতে এই অঞ্চলের উন্নয়নে বিশেষ কর্মব্যবস্থা গ্রহণ করেছেন বলে কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তর-পূর্ব উন্নয়ন দপ্তরের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ গুয়াহাটিতে প্রকাশ করেছেন । দুদিনের সফরে আসাম ও মেঘালয়ে আসা কেন্দ্রীয় ডোনার মন্ত্রী শ্রী সিন্ধিয়া বড়ঝাড়ের আর্ন্তজাতিক বিমান বন্দরে এসে শিলঙ অবিমুখে যাত্রা করেন । মেঘালয়ের রাজধানী শিলঙে যাওয়ার আগে বিমান বন্দরে সাংবাদিকদের সঙ্গে কথা প্রসঙ্গে তিনি বলেন যে- বিকশিত ভারত ও বিকশিত উত্তর-পূর্বের জন্য ভবিষ্যদর্শী প্রকল্পের লক্ষ্যে কেন্দ্রীয় সরকার উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহণ করেছে । শ্রী সিন্ধিয়া জানান যে- কেন্দ্রীয় ডোনার মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দ ২৪ হাজার কোটি টাকা থেকে বাড়িয়ে ৮২ হাজার কোটি টাকা করা হয়েছে । তিনি বলেন যে- উত্তর-পূর্বাঞ্চল হচ্ছে আমাদের সুপ্রাচীন কৃষ্টি সংস্কৃতির ভান্ডার । এবং কেন্দ্রীয় সরকার পরিকাঠামো, যোগাযোগ, স্বাস্থ্যসেবা, শিক্ষা, স্টার্ট-আপ, উদ্যোগীকরণ এবং পর্যটন উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেছে । আগামীকাল মন্ত্রী শ্রী সিন্ধিয়া গুয়াহাটির নেডফি হাউস পরিদর্শন করে আধিকারিকদের সঙ্গে উদ্যোগীকরণ এবং স্টার্ট-আপকে আরো বেশি সম্প্রসারিত করার বিভিন্ন উপায় নিয়ে আলোচনা করবেন । উল্লেখ্য- কেন্দ্রীয় মন্ত্রীর এই সফরকালে ডোনার মন্ত্রণালয়ের আধিকারিকগণ, উত্তর-পূর্ব পরিষদ ও রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন । তিনি ‘এন ই আর এ সি ই’ শীর্ষক একটি এ্যাপ্লিকেশনের আনুষ্ঠানিক প্রকাশ করবেন । এবং উত্তর-পূর্ব পরিষদের অন্যান্য আধিকারিকদের সঙ্গে মত বিনিময় করবেন ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ (সি বি এস ই), এই পর্ষদের আওতায় থাকা সব বিদ্যালয়ে আসাম সরকারের ‘জলদূত’ কার্যসূচী কার্যকরী করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । এই সম্পর্কে সি বি এস ই’র শিক্ষা বিভাগের সঞ্চালক রাজ্যের প্রতিটি স্বীকৃতিপ্রাপ্ত এধরণের বিদ্যালয়ের প্রধানদের কাছে চিঠি পাঠিয়েছেন । এই চিঠিতে আসাম জলজীবন মিশনের প্রশংসা করে ‘জলদূত’ কার্যসূচী

ৰূপায়ণ করার কথা বলা হয়েছে । সি বি এস ই এই পদক্ষেপ গ্রহণ করায় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জলজীবন মিশন-আসামকে ধন্যবাদ জানিয়েছেন । এই ব্যবহারিক কার্যসূচী ৰূপায়িত হলে শিক্ষার্থীদেরকে জল সংরক্ষণের জন্যে সমষ্টিগতভাবে উৎসাহ প্রদান করা যাবে বলে ডঃ শর্মা আশা প্রকাশ করেছেন ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার রাজ্যের যোগাযোগ পরিকাঠামো উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অধীনে ৩৭৮ দশমিক ৬-৮ কোটি টাকার অনুমোদন দেওয়া হয়েছে । এই তহবিলের অধীনে ৫৬৩ দশমিক ৬-৭ কিলোমিটার দৈর্ঘের রাজ্যের ৭৮টি সড়ক ও ১৪টি পাকা সেতু নির্মান করা হবে । গ্রামোন্নয়ন মন্ত্রনালয়ের অনুমোদিত এই অর্থ প্রদানের ফলে রাজ্যের গ্রামাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা আরো উন্নত হওয়া সহ অর্থনৈতিক বিকাশের গতি তরান্বিত হবে বলে আশা করা হচ্ছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই সহায়তা প্রদানের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানিয়েছেন । ডক্টর শর্মা বলেছেন যে কেন্দ্রীয় সরকারের প্রদেয় এই অর্থ রাজ্যের গ্রামীন অর্থনীতিকে আরো শক্তিশালী করে গড়ে তোলার ক্ষেত্রে সহায়ক হবে । উল্লেখ্য যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের সার্বিক বিকাশে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অনুসন্ধান সংস্থা ( সি-বি-আই ) এম বি বি এস পাঠ্যক্রমে নাম ভর্তীর জন্য জাতীয় যোগ্যতা নিরূপন তথা প্রবেশ পরীক্ষা ( নিট )-এর প্রশ্নপত্র জালিয়াতির ঘটনার সঙ্গে যুক্ত মূল অপরাধী রাকেশ রঞ্জন ওরফে রকি নামের এক ব্যাক্তিকে গ্রেপ্তার করেছে । ধৃত ওই ব্যাক্তিকে আগামী ১০ দিনের জন্য সি-বি-আইর জিম্মায় প্রেরণ করা হয়েছে । রকির এই চক্রের সঙ্গে অন্য আরো একজন মুখ্য ব্যাক্তি  সঞ্জীব মুখীয়ার যোগসূত্র রয়েছে বলে সি বি আই জানিয়েছে । সঞ্জীব মুখিয়া গত দুই দশক ধরে এই কেলেঙ্কারীর সঙ্গে যুক্ত রয়েছে এবং বর্তমানে পলাতক রয়েছে বলে প্রমান পাওয়া গেছে । রকির এই গ্রেপ্তারের ফলে সি-বি-আইর তদন্ত প্রক্রিয়া আরো তরান্বিত হবে । সি বি আই

এ পর্যন্ত ঝারখন্ডের হাজারীবাগ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং উপ-প্রধান শিক্ষকসহ মোট ১২ জনকে গ্রেপ্তার করেছে । এ পর্যন্ত সি বি আই এই ঘটনা সম্পর্কে মোট ৬টি মামলা রুজু করেছে ।

------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট কেন্দ্রীয় সরকারকে দেশে আত্মহত্যা প্রতিরোধের জন্য স্বাস্থ্য বিভাগের গৃহিত পদক্ষেপসমূহের সর্বশেষ স্থিতি সম্পর্কে প্রতিবেদন দাখিল করার নির্দেশ প্রদান করেছে । প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্র চূড়ের নেতৃত্বে গঠিত একটি ডিভিশন ব্যাঞ্চ আগামী চার দিনের মধ্যে এই প্রতিবেদন দাখিল করার নির্দেশ দিয়েছে । সুপ্রীম কোর্ট শিশু আত্মহত্যার ঘটনা অত্যন্ত গুরুতর বিষয় বলে প্রতিক্রিয়া ব্যাক্ত করে কেন্দ্রীয় স্বাস্থ্য সঞ্চালকালয়কে এ ধরণের ঘটনা প্রতিরোধের জন্য বিহিত ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানিয়েছে ।

------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মৎস্য মন্ত্রণালয়ের উদ্যোগে তামিলনাডুর মাদুরাইতে আজ আয়োজন করা জাতীয় স্তরের মৎস্য পালন বিষয়ক গ্রীষ্মকালীন সম্মেলনে আসাম থেকে যাওয়া প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন রাজ্যের মৎস্য মন্ত্রী কেশব মহন্ত । কেন্দ্রীয় মৎস্য, পশুপালন, দুগ্ধ উৎপাদন ও পঞ্চায়েতীরাজ দপ্তরের মন্ত্রী রাজীব রঞ্জন সিঙের পৌরহিত্যে অনুষ্ঠিত একদিনের এই সম্মেলনে মৎস্য পালন সম্পর্কে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয় । সম্মেলনে আসামকে মৎস্য উৎপাদনের ক্ষেত্রে স্বনির্ভর রাজ্য হিসেবে বিকশিত করার জন্য রাজ্য সরকারের গ্রহণ করা পদক্ষেপ সমূহের বিষয়ে মন্ত্রী শ্রী মহন্ত কেন্দ্রীয় মৎস্য মন্ত্রণালয়কে অবগত করান । আসামকে সঠিক মাত্রার প্রোটিনযুক্ত গুণগত মান সম্পন্ন মাছের উৎপাদন সুনিশ্চিত করতে পর্যাপ্ত পরিমাণ মাছের পোনা ও মাছের খাদ্যের ব্যবস্থা করতে আরো বেশি সংখ্যায় ব্রুডিং সেন্টার স্থাপনের উপর শ্রী মহন্ত গুরুত্ব আরোপ করেন । এই সম্পর্কে বিশেষ সহযোগিতা করতে তিনি কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানিয়েছেন ।

------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় এবারের বন্যায় তিনটি স্থানে নদী ভাঙ্গন হলেও বাঁধগুলির দ্রুত মেরামতির কাজ চলছে এবং বন্যায় ক্ষতিগ্রস্থ লোকেদের নাম ও

ক্ষয়ক্ষতির পরিমান নিরূপন করে আগামী ২০শে জুলাইয়ের মধ্যে সেসব পোর্টালে আপলোড করতে রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া নির্দেশ দিয়েছেন ।

আজ হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত পর্য্যালোচনা বৈঠকে অংশ নিয়ে মন্ত্রী শ্রী বরুয়া একথা জানিয়ে রাজস্ব বিভাগের কর্মচারীদের বাড়ি বাড়ি গিয়ে ক্ষতিপূরণের পরিমাণ নিরূপণ করার নির্দেশ দিয়েছেন । বৈঠকে জানানো হয় যে প্রথম দফার বন্যার ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করা হলেও দ্বিতীয় দফার বন্যার ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণের কাজ চলছে ।

উল্লেখ্য- হাইলাকান্দি জেলায় এই মরশুমের প্রথম দফার বন্যায় ১০৯টি গ্রামের ৪৯ হাজার ২৫৯ জন লোক এবং দ্বিতীয় দফার বন্যায় ৭৯টি গ্রামের ১৪ হাজার ৭৫২ জন ব্যাক্তি বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন । মন্ত্রী শ্রী বরুয়া রাজ্যের স্বাস্থ্য বিভাগকে বন্যা পরবর্তী রোগ প্রতিরোধে স্বাস্থ্য শিবির আয়োজনের নির্দেশ দিয়েছেন ।

সভায় জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জানান যে ত্রাণ ও পুর্নবাসনের অর্থ জেলা প্রশাসনের কাছে রয়েছে । আজকের সভায় সাংসদ কৃপানাথ মালা , তিন বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ , কৌশিক রাই , জাকির হোসেন লস্কর , বিজেপি নেতা স্বপন ভট্টাচার্য্য প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

এদিকে মন্ত্রী শ্রী বরুয়া আজ করিমগঞ্জ জেলার বন্যা পরিস্থিতি পরিদর্শন করে করিমগঞ্জের বিরজা সুন্দরী গার্লস হাইস্কুল ও সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ত্রাণ শিবির পরিদর্শন করেন । এবং পরে জেলা প্রশাসনের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হন । বৈঠকে জেলা আয়ুক্ত মৃদুল যাদব জেলার সামগ্রিক বন্যা পরিস্থিতির চিত্র তুলে ধরেন । সভায় শ্রী বরুয়া জেলার পশুপালন ও পশু চিকিৎসা বিভাগকে পশু খাদ্যের ব্যবস্থা করার নির্দেশ দিয়েছেন । জনস্বাস্থ্য কারিগরি বিভাগকে বন্যায় ক্ষতিগ্রস্ত জলসরবরাহ প্রকল্পগুলির খতিয়ান প্রস্তুত করে সংশ্লিষ্ট বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে

পাঠাতে বলা হয়েছে । এবং এই জলসরবারহ প্রকল্পগুলিকে শীঘ্র কর্মক্ষম করে তোলার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন । এছাড়া কৃষি বিভাগকে কৃষিজমিতে ফসলের ক্ষতয়ক্ষতির মূল্যায়ন করতেও মন্ত্রী নির্দেশ দিয়েছেন । তিনি জেলার সব চক্র আধিকারিকদের বন্যায় ক্ষতিগ্রস্তদের বাড়ি-ঘর, ছাত্রছাত্রীদের পাঠ্যপুস্তক, আসবাব পত্র, বাসনপত্র, কাপড়চোপড় ইত্যাদির সঠিক মূল্যায়ন করতে এবং বন্যা পীড়িত ব্যক্তিদের পুর্নবাসনের দিকে সজাগ দৃষ্টি রাখার নির্দেশ দিয়েছেন । এই বৈঠকে শ্রী বরুয়া পূর্ত সড়ক, স্বাস্থ্য, শিক্ষা, জলসম্পদ, বিদ্যুৎ বিভাগ সহ প্রতিটি বিভাগকে বন্যার ক্ষয়ক্ষতির সঠিক মূল্যায়ন করে এক সপ্তাহের মধ্যে রিপোর্ট জমা দেবার নির্দেশ দিয়েছেন । এদিকে এই পর্যালোচনা বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী শ্রী বরুয়া জানান যে- জেলার বন্যা পরিস্থিতির উন্নতি হলেও , এখনো বহু লোক আশ্রয় শিবিরে রয়েছেন । আশ্রয় শিবিরে থাকা লোকেদের সরকার খাদ্য সামগ্রী যোগানের বিষয়টি সুনিশ্চিত করার বিষয়ে সরকার যথেষ্ট গুরুত্ব প্রদান করছে বলে মন্ত্রী শ্রী বরুয়া জানান । এছাড়াও মন্ত্রী আগামী ১৫ই আগস্টের আগে যাতে ক্ষতিগ্রস্ত জনসাধারণের ক্ষতিপূরণের বিষয়টি নিষ্পত্তি করা যায় সেজন্যে আগামী এক সপ্তাহের মধ্যে বন্যায় ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করার নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------

ওড়িষ্যার ভূবনেশ্বরে অনুষ্ঠিত খেলো ইন্ডিয়া মহিলা ভারোত্তোলন প্রতিযোগীতায় আসামের আইচেংফা গগৈ দুটো পদক অর্জন করেছে । আই চেংফা ৫৫ কিলোগ্রাম ইয়ুথ শাখায় রূপা এবং জুনিয়র শাখায় ব্রোঞ্জ পদক জয় করেছে ।

---------------------------------------------------------------------------